

বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়
কার্যনির্বাহী পরিষদ ২০১৯-২০২০ এর
সভা

তারিখ: ১১ নভেম্বর ২০২২, শুক্রবার।

সময়: বিকেল ০৪.০০টা

স্থান: ১৪৯নম্বর কক্ষ, শহীদুল্লাহ কলাভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

আজ ১১ নভেম্বর ২০২২, শুক্রবার বিকেল ০৪.০০টায় শহীদুল্লাহ কলাভবনের ১৪৯নম্বর কক্ষে বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী পরিষদ ২০১৯-২০২০ এর এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অ্যালামনাইয়ের সম্মানিত সভাপতি প্রফেসর ড. পি. এম. সফিকুল ইসলাম।

সভার আলোচ্যসূচি:

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত ও কার্যক্রমের অগ্রগতি।
২. চতুর্থ সম্মিলনী উদ্বোধন বিষয়ক।
৩. বিবিধ।

সভার উপস্থিতি স্বাক্ষর:

কপি সংযুক্ত

সভার সিদ্ধান্তসমূহ:

১. আতি সম্প্রতি বাংলা বিভাগ অ্যালামনাইয়ের জীবন সদস্য, বাংলা বিভাগের সাবেক সভাপতি প্রফেসর ড. সুজিত কুমার মৃত্যুবরণ করেছেন। এই সভা তাঁর আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে এবং তাঁর পরিবার পরিজনদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেছে। রাজশাহী মেডিকেল কলেজে তাঁর মরণোত্তর দেহদানের বিশেষ মানবিক কর্মের জন্য বাংলা বিভাগ অ্যালামনাই অতীব সম্মান ও গৌরব বোধ করেছে।
২. চাঁদা আদায়ের ক্ষেত্রে গত সম্মিলনের পদ্ধতি চালু রাখতে হবে। পূর্বের মিটিংয়ে গৃহিত বিকাশ পদ্ধতি বাতিল করা হলো।
৩. আগামী ০৮ই ডিসেম্বর ২০২২ বৃহস্পতিবার চাঁদার প্রদানের শেষ তারিখ নির্ধারিত হলো।।
৪. প্রকাশনা বাবদ প্রকাশনা উপকর্মটির প্রদত্ত সম্ভাব্য বাজেট ২,০০০০০ (দুই লক্ষ) টাকা নির্ধারণ করা হলো।
৫. কিটস ক্রয় উপকর্মটির প্রদত্ত সম্ভাব্য বাজেট: ক. ব্যাগ বাবদ ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা খ. শাড়ি ও পাঞ্জাবির জন্য জনপ্রতি ১২০০ (এক হাজার দুইশত টাকা) নির্ধারণ করা হলো।
৬. প্রচারণা বাবদ প্রচারণা উপকর্মটির প্রদত্ত সম্ভাব্য বাজেট ৭৫,০০০(পঁচাত্তর হাজার) টাকা নির্ধারণ করা হলো।
৭. মঞ্চ ও সাজসজ্জা বাবদ মঞ্চ ও সাজসজ্জা উপকর্মটির প্রদত্ত সম্ভাব্য বাজেট ১,০০০০০ (এক লক্ষ) টাকা নির্ধারণ করা হলো।
৮. বৃত্তি প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য ও বৃত্তি প্রদান ও সাংস্কৃতিক উপকর্মটির প্রদত্ত সম্ভাব্য বাজেট ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণ করা হলো।
৯. খাদ্য বাবদ খাদ্য উপকর্মটির প্রদত্ত সম্ভাব্য বাজেট মাথাপিছু ১,০০০(এক হাজার টাকা)। এই টাকার মধ্যে ৮০০(আটশত টাকা) প্রদান করবে অ্যালামনাই বাকি ২০০(দুইশত টাকা) প্রয়োজনবোধে প্রদান করবেন অ্যালামনাইয়ের সম্মানিত সাধারণ সম্পাদক। উল্লেখ্য সকল খাবার উপকর্মটির নেতৃত্বে বাজার করে বাবুর্চি ভাড়া করে অ্যালামনাই প্রাঙ্গণে রান্না করা হবে।
১০. নতুন সদস্য সংগ্রহের ক্ষেত্রে নতুন সদস্য সংগ্রহ উপকর্মটির প্রদত্ত বাজেট ২০,০০০(বিশ হাজার) টাকা নির্ধারণ করা হলো।
১১. চতুর্থ সম্মিলনীর সকল অনুষ্ঠান ডিজিটাল ডকুমেন্টেশনের জন্য একটি ডকুমেন্টেশন উপকর্মটি গঠন করা হলো। এই উপকর্মটির আস্থায়ক নির্ধারণ করা হলো সাঈদ কাজলকে। ডকুমেন্টেশনের বাজেট নির্ধারণ করা হলো ১০০০০০ (এক লক্ষ) টাকা।
১২. বিবিধ খরচের জন্য ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকা বাজেট নির্ধারিত হলো।
১৩. সকল উপকর্মটির প্রদত্ত বাজেট ও বিবিধ খরচের বাজেট অনুমোদন করা হলো।
১৪. বিবিধে আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।